# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৪৪]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কেউ মসজিদে প্রবেশ করে দু'রাকআত নামায পড়ে নিবে

باب إِذَا دَخَلَ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ

আরবী

ـ عَنْ أَبِي قَتَادَةَ السَّلَمِيِّ : أَنَّ رَسُولَ اللَّهِ قَالَ إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ يَجْلِسَ

বাংলা

২৭৫) আবু কাতাদা সুলামী (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে সে যেন বসার পূর্বে দু'রাকআত নামায পড়ে নেয়।

টিকাঃ এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সুন্নাত। অপর হাদীছে এসেছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুমআর খুতবা চলাকালে এক সাহাবীকে দাঁড় করিয়ে তা পড়ার নির্দেশ দেন এবং সংক্ষেপ করতে বলেন। ফলে বয়ান শুনার দোহাই দিয়ে কিংবা লাল বাতি জ্বালিয়ে এ থেকে কাউকে বারণ করার কোন অধিকার নেই। তবে তা শুরু করার পর জামাআত দাঁড়িয়ে গেলে সুন্নাত ছেড়ে দিয়ে জামাআতে শামিল হবে। কিন্তু এই দুই রাকআতের শেষ রাকআতের রুকূ পর্যন্ত পৌঁছে গিয়ে থাকলে সুন্নাত শেষ করে জামাআতে শরীক হতে কোন বাধা নেই।

## English

If one entered a mosque, one should offer two Rak'a (Tahayyat-al-Masjid) before sitting

Narrated Abu Qatada Al-Aslami:

Allah's Messenger (ﷺ) said, "If anyone of you enters a mosque, he should pray two rak`at before sitting."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী ⎕ বর্ণনাকারীঃ আবূ ক্বাতাদাহ সালামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89573

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন